

# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৯২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. তৃতীয় অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

### আরবী

عَنْ أُبِيِّ بْنِ كَعْبٍ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَى بهم فَقَرَأً بِسُورَة م الطُّوَلِ وَرَكَعَ خَمْسَ رَكَعَاتٍ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ قَامَ الثَّانِيَةَ فَصَلَى بهم فَقَرَأً بِسُورَةٍ مِنَ الطُّوَلِ ثُمَّ رَكَعَ خَمْسَ رَكَعَاتٍ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ جَلَسَ كَمَا هُوَ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ يَدْعُو حَتَّى انْجَلَى كسوفها. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১৪৯২-[১৩] উবাই ইবনু কা'ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময় একবার সূর্যগ্রহণ হয়েছিল। তিনি তাদের নিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। তিওয়ালে মুফাস্সালের সূরাহ্ দ্বারা ক্রিরাআত (কিরআত) পড়লেন। এরপর (প্রথম রাক্'আতে) পাঁচটি রুক্' করলেন। দু'টি সিজদা্ করলেন। তারপর দ্বিতীয় রাক্'আতের জন্য দাঁড়ালেন। তিওয়ালে মুফাস্সালের একটি সূরাহ্ দিয়ে ক্রিরাআত (কিরআত) পড়লেন। এরপর একটি রুক্' করলেন। দু'টি সিজদা্ (সিজদা/সেজদা) করলেন। অতঃপর ক্রিবলা (কিবলা/কেবলা)মুখী হয়ে বসলেন। সূর্যগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত (বসে বসে) দু'আ করতে থাকলেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ : আবু দাঊদ ১১৮২, আহমাদ ২১২২৫। কারণ এর সানাদে আবূ জা'ফার আর্ রয়ী একজন শিথিল রাবী। আর خَمْسُ رَكَعَاتِ অংশটুকু মুনকার যেমনটি ইমাম যাহাবী (রহঃ) বলেছেন। আর মাহফূয হলো যা বুখারী মুসলিমসহ অন্যান্য গ্রন্থে বর্ণিত হয়েছে ركوعات وكبرتات

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি প্রমাণ করে যে, সূর্যগ্রহণের সালাত (সালাত/নামায/নামাজ) দু' রাক্'আত আর প্রতিটি রাক্'আতের পাঁচটি করে রুকৃ' তবে হাদীসটি ত্রুটিমুক্ত যা দু'রুকৃ'র হাদীসের মোকাবেলায় টিকে না।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন